



রূপগঞ্জে নিবন্ধনবিহীন মাংস বিক্রি করায় ৬ ব্যবসায়ীকে জরিমানা



ছবি: লেন্স এশিয়া

নারায়ণগঞ্জের রূপগঞ্জে নিবন্ধন ছাড়া মাংস বিক্রির অভিযোগে ছয় ব্যবসায়ীকে ৩০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

শুক্রবার (২৫ সেপ্টেম্বর) সকালে উপজেলার ভুলতা এলাকায় উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের উদ্যোগে এ অভিযান চালানো হয়। অভিযানে নেতৃত্ব দেন রূপগঞ্জ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মুহাম্মদ মারজানুর রহমান।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. সজল কুমার দাসসহ সংশ্লিষ্টরা অভিযানে উপস্থিত ছিলেন। ‘পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন, ২০১১’ অনুযায়ী নিবন্ধন ছাড়া মাংস বিক্রির দায়ে প্রত্যেক ব্যবসায়ীকে ৫ হাজার টাকা করে মোট ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।

ডা. সজল কুমার দাস বলেন, উপজেলার বিভিন্ন এলাকায় নিয়ম না মেনে মাংস বিক্রির অভিযোগ রয়েছে। প্রথম ধাপে ভুলতা এলাকায় অভিযান চালানো হয়েছে। নিয়ম না মেনে মাংস বিক্রি বন্ধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।